চুয়াডাঙ্গার উথলীতে আবারও চলন্ত মাইক্রোবাসে ইট নিক্ষেপ

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী এলাকায় আবারও চলন্ত মাইক্রোবাসে ইট নিক্ষেপের ঘটনা ঘটেছে।

গতকাল মঙ্গলবার রাত আনুমানিক সাড়ে ৮টার দিকে জীবননগর-দর্শনা আঞ্চলিক মহাসড়কে শিয়ালমারী পশুহাটের উত্তর দিকে কালভার্টের নিকট এ ঘটনা ঘটে। তবে অন্য দিন সড়কের পশ্চিম দিক থেকে ইট নিক্ষেপ করা হলেও কৌশল অবলম্বন করে এবার নিক্ষেপ করা হয়েছে পূর্ব দিক থেকে।

মাইক্রোবাসের মালিক ও চালক জীবননগর পেয়ারাতলার শ্রী বিজয় চন্দ্র সেন বলেন, ‘চুয়াডাঙ্গায় যাত্রী নামিয়ে আমি মাইক্রোবাসটি (ঢাকা মেট্রো-গ-১৩-৩১২৭) নিয়ে মঙ্গলবার রাতে জীবননগরে ফিরছিলাম।

রাত আনুমানিক সাড়ে ৮টার সময় মাইক্রোবাসটি উথলী বিজিবি ক্যাম্প পার হয়ে শিয়ালমারী পশুহাটের আগে অবস্থিত কালভার্টের নিকট পৌঁছালে কে বা কারা সড়কের পাশের বাঁশঝাড়ের মধ্য থেকে রাতের অন্ধকারে আমার মাইক্রোবাসে ইট নিক্ষেপ করে পালিয়ে যায়। পরবর্তীতে আমি গাড়িটি নিয়ে নিজ বাড়িতে ফিরে আসি।’

খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) এস এম জাবীদ হাসান।

উল্লেখ্য, জীবননগর-দর্শনা আঞ্চলিক মহাসড়কের উথলী এলাকায় এর আগেও মাইক্রোবাস, প্রাইভেট কার, কাভার্ড ভ্যান, অ্যাম্বুলেন্স ও পরিবহন বাসে ইট নিক্ষেপ করা হয়েছে। কারা এ ধরনের ঘটনা ঘটাচ্ছে তা এখনও সনাক্ত করা যায়নি। তবে বিএনপির ডাকা প্রথম ধাপের হরতাল থেকে শুরু করে পর্যায়ক্রমে বিভিন্ন সময় বিভিন্ন যানবাহনে রাতের আঁধারে এ ধরনের হামলা করে পালিয়ে যাচ্ছে দুর্বৃত্তরা। ঘটনার সাথে জড়িতদের আটক করতে কাজ করছে পুলিশ।

চুয়াডাঙ্গার উথলীতে ট্রেনে কাটা পড়ে ৫ গরুর মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলীতে ট্রেনে কাটা পড়ে ৫টি গরুর মৃত্যু হয়েছে। আজ সোমবার বিকাল সোয়া ৩টার দিকে উথলী রেলস্টেশনের নিকট এ দুর্ঘটনা ঘটে।

ঘটনাস্থলে উপস্থিত হয়ে জানা যায়, উথলী গ্রামের মসলেম মণ্ডল ও তপন বিশ্বাস নামের দুজন ব্যক্তি দীর্ঘদিন ধরে একপাল গরু (১৫-২০টি) উথলী এলাকার বিভিন্ন মাঠে চরিয়ে বেড়ান।

আজ সোমবার বিকালে তাঁরা গরুগুলো উথলী রেলস্টেশন এলাকায় লাইনের ধারে চরাচ্ছিলেন। হঠাৎ বেশ কয়েকটি গরু রেললাইনের উপর উঠে যায়। এ সময় খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামী ৭২৭ আপ রূপসা এক্সপ্রেস ট্রেনে ২টি গাভি, ১টি বকনা ও ২টি এঁড়ে গরু কাটা পড়ে। গরু কাটা পড়ায় গরুর মালিক উথলী গ্রামের মণ্ডল পাড়ার মৃত ফজল মণ্ডলের ছেলে মসলেম মণ্ডল (৭৫), একই এলাকার আজিজুল মণ্ডলের ছেলে মোমিন মণ্ডল (৪৫), হাসেম মিয়ার ছেলে আব্দুস সামাদ টেংরা (৩৬) এবং ভুলা বিশ্বাসের ছেলে তপন বিশ্বাস (৫০) কান্নায় ভেঙে পড়েন। একসাথে ৫টি গরু ট্রেনে কাটা পড়ার খবর শুনে ঘটনাস্থলে শত শত মানুষ উপস্থিত হন।

উল্লেখ্য, খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামী রূপসা এক্সপ্রেস ট্রেনটি আজ সোমবার ৬ ঘণ্টার মতো দেরিতে চলছিলো। হঠাৎ ট্রেন চলে আসবে এটা তাঁরা ভাবতে পারিনি । তবে গরু চরানোর সময় তাদের আরও সতর্ক থাকা উচিত ছিলো বলে এলাকাবাসী মনে করেন।

উথলীতে স্বাস্থ্য কর্মীদের

সাথে ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার মতবিনিময়

স্বাস্থ্য সেবার মান উন্নয়নে জীবননগর উপজেলার উথলীতে ইউনিয়ন পর্যায়ে উপ-স্বাস্থ্য,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের নানা সমস্যা ও সম্ভাব্য বিষয় নিয়ে ওয়েভ ফাউন্ডেশন ও উপজেলা লোকমোর্চার নেতৃবৃন্দের সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১ টায় উথলী ডিগ্রী কলেজ মাঠে ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার আয়োজনে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উথলী উপস্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় চিকিৎসার মান আরও বৃদ্ধি করতে নানা পদক্ষেপ গ্রহণ করা হয় এবং সেগুলো বাস্তবায়নের জন্য পরিকল্পনা নেওয়া হয়।

উথলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি আব্দুল মান্নান পিল্টু’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি,উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ।বিশেষ অতিথি হিসেবে ছিলেন জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক আবু মো.আব্দুল লতিফ অমল,উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল,উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল,ইউনিয়ন লোকমোর্চার সদস্য ইউনুচ আলী,অবসরপ্রাপ্ত শিক্ষক দাউদ হোসেন,আব্দুল মতিন সহ অনেকে।

এছাড়াও অনুষ্ঠানে ইউনিয়নের উপ-স্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের দায়িত্বরত স্বাস্থ্য কর্মীরা উপস্থিত ছিলেন।